গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ ঃ ১৯/০৩/২০১৭ খ্রিঃ
সভার সময় ঃ সকাল ১০.০০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম সচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কারো কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	**বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ঃ** মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কার্যবিবরণীতে মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের করণীয় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। কার্যবিবরণীতে বর্ণিত বিষয়গুলোর দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এলক্ষ্যে ৩০ মার্চ ২০১৭ তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলায় ইনোভেশন সার্কেলের একটি সভা অনুষ্ঠিত হবে। সেখানে তিন পার্বত্য জেলার উদ্ভাবনী আইডিয়া উপস্থাপন করা হবে এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	কার্যবিবরণীর আলোকে মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক সংস্থাসমূহ মন্ত্রণালয়কে অবহিত করবে। সংস্থাসমূহ ৩০ মার্চ ২০১৭ তারিখে রাঙ্গামাটিতে বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ইনোভেশন সার্কেল সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং ইনোভেশন টিম, আওতাধীন সকল (০৬টি) সংস্থা।
২।	**ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তঃ** পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত কার্যবিবরণীতে এ মন্ত্রণালয় এবং আওতাধীণ সংস্থাসমূহের ই-জিপিতে অন্তর্ভুক্তিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় এবং সভাপতি পরিকল্পনা মন্ত্রণালয়ের পরামর্শ মোতাবেক কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, সিপিটিইউ এর মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আগামী ২ এপ্রিল/২০১৭ হতে উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের ই-টেন্ডারিং এর উপর এক মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করবে। সভাপতি উক্ত প্রশিক্ষণের সময়সূচির সাথে তিন পার্বত্য জেলা পরিষদকে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।	পরিকল্পনা মন্ত্রণালয়ের কার্যবিবরণীর আলোকে সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করবে। এপ্রিল/২০১৭ মাসে উন্নয়ন বোর্ডে অনুষ্ঠিতব্য ই-টেন্ডারিং বিষয়ক প্রশিক্ষণে তিন পার্বত্য জেলা পরিষদের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ (ভাইস চেয়ারম্যান, উন্নয়ন বোর্ড এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা)।
৩।	**National ICT Policy-2009-এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ঃ** সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সচিব সবাইকে নিয়মিত ই-মেইল ব্যবহার ও সপ্তাহের যে কোন ১ দিন ১ ঘন্টা ব্যাপী কম্পিউটার, ই-ফাইলিং ইত্যাদির উপর প্রশিক্ষণ এবং তথ্য প্রযুক্তি ব্যবহারে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন। সভাপতি সংস্থাসমূহকে ই-ফাইলিং চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ দেন।	National ICT Policy-2009 এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে ই-মেইল ও ডাকযোগে প্রেরণ করতে হবে। কর্মকর্তাবৃন্দ যে কোন বিষয়ে যাচিত প্রতিবেদন বা তথ্য ই-মেইলে প্রদান করবেন। কর্মকর্তাগণ নিয়মিত ই-মেইল ব্যবহার করবেন। মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট কম্পিউটার, ই-ফাইলিং উপর সপ্তাহের যে কোন একটি দিন ১ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ, সহকারী প্রোগ্রামার, আইসিটি স্পেশালিষ্ট জনাব এ এ মং।

		ব্যবস্থা করবেন। সংস্থাসমূহে ই-ফাইলিং কার্যক্রম চালু করতে হবে।	
৪।	**মন্ত্রণালয়ের ওয়েব সাইট** ঃ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইট আধুনিকায়ন এবং তথ্য-ভান্ডার সমৃদ্ধকরণের কার্যক্রম চলমান রয়েছে বলে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। এছাড়া সকল সংস্থার হালনাগাদকৃত ওয়েবসাইট সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করার উপর গুরুত্বারোপ করা হয়। পত্রাদি ডাকযোগে প্রেরণের পাশাপাশি নিয়মিত ই-মেইলে প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে হালনাগাদকরণ, মন্ত্রণালয়ের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম ছবি, ইভেন্টের ছবি ইত্যাদি নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংস্থাগুলোর হালনাগাদকৃত ওয়েবসাইট নিয়মিত সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা, কর্মশালা ও অন্যান্য বিষয়ক তথ্য ওয়েব-সাইটে প্রকাশের জন্য নোটিশের একটি কপি সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট বরাবর প্রেরণ করতে হবে। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এর বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, অন্যান্য কর্মকর্তাগণের তিন পার্বত্য জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শন ও এ সংক্রান্ত প্রতিবেদনের ছবি Caption সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	যুগ্ম-সচিব (প্রশাসন), উপসচিব (সকল), সিনিয়র সহকারী প্রধান, তথ্য কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ আইসিটি স্পেশালিষ্ট এবং মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।
৫।	**জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর প্রসংগে** ঃ জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অগ্রগতি হয়েছে মর্মে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেনঃ		
	(১) রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবার পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষা বিভাগ এবং খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তরিত চুক্তি অনুযায়ী পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশনা দেয়ার জন্য ২২/০১/২০১৭ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	১) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(২) তিন পার্বত্য জেলায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর আওতাধীন অফিসসমূহ তিন পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে ২২/০১/২০১৭ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	২) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	ঐ
	(৩) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জেলা সড়কসমূহ তিন পার্বত্য জেলা পরিষদের অনুকূলে হস্তান্তরের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে যোগাযোগ মন্ত্রণালয় বরাবর গত ১৪/০৮/২০১৬ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	৩) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	ঐ
	(৪) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং তিন পার্বত্য জেলা পরিষদের মধ্যে গত ২৮/৮/২০১৪ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং চুক্তি কার্যকর করার জন্য ঐ মন্ত্রণালয় বরাবর গত ১৪/০৮/২০১৬ তারিখ পুণরায় পত্র দেয়া হয়েছে।	৪) কাঙ্খিত ফলাফল অর্জন না করা পর্যন্ত কার্যক্রম চলমান রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	(৫) বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসাবে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন ও হস্তান্তরিত বিভাগ/দপ্তরসমূহের বরাদ্দকৃত বাজেটের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের বরাদ্দ প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের প্রেষণ, বদলি ও পদায়নের বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য গত	৫) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)

	২৩/০৮/২০১৫ তারিখে হস্তান্তরিত সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র এবং গত ২৭/১০/২০১৫ তারিখে হস্তান্তরিত ১৩টি মন্ত্রণালয়ের সচিবদের নিকট এ মন্ত্রণালয় পুনঃ তাগিদপত্র প্রেরণ করেছে। এছাড়া গত ১৪/০৮/২০১৬ তারিখ পুনরায় পত্র দেয়া হয়েছে। তিন পার্বত্য জেলা পরিষদসমূহে হস্তান্তরিত বিভাগের কার্যক্রমের এখতিয়ার কতটুকু জেলা পরিষদের হাতে ন্যস্ত আছে তার সার-সংক্ষেপ পাওয়ার পর গত ২৩/০৮/২০১৬ তারিখ হস্তান্তরিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের পত্র প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
৬।	<u>এনজিও প্রতিবেদন সংক্রান্ত</u> ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল, ২০১২ সনের পরিপত্র অনুযায়ী পার্বত্য জেলা পরিষদগুলো এনজিও সংক্রান্ত সভা আয়োজন ও এনজিওগুলোর কার্যক্রম সমন্বয় করবে। সভাপতির নির্দেশনা মোতাবেক ফেব্রুয়ারি/২০১৭ মাসে তিন পার্বত্য জেলার এনজিওদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।	প্রতিমাসে কমপক্ষে ১টি সভা আয়োজন করতে হবে। এবং মার্চ/২০১৭ মাসে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (সমন্বয়-২)/ অধীনস্থ সংস্থাসমূহের মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
৭।	<u>সাংগঠনিক কাঠামোতে পদ সৃষ্টি সংক্রান্ত</u> ঃ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ পদ সৃষ্টির প্রয়োজনীয় কাগজপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে আলোচনা হয়। তিন পার্বত্য জেলার প্রধান নির্বাহী কর্মকর্তাগণ একত্রে বসে ভবিষ্যৎ কর্মপরিধির কথা মাথায় রেখে সমসংখ্যক পদ বৃদ্ধির প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায় তৈরি করেছেন মর্মে তিন পার্বত্য জেলার মুখ্য নির্বাহী কর্মকর্তাগণ সভায় অবহিত করেন এবং জনবল বৃদ্ধি সংক্রান্ত প্রস্তাব খুব শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে জানান। এছাড়া রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা পরিষদে শিক্ষা এবং স্বাস্থ্য খাতে বিভিন্ন শূন্য পদের পূরণের আপডেট তালিকা তৈরি করে স্বল্প সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সচিব সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	মন্ত্রণালয়ের ১ম ও ২য় শ্রেণির পদে নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পিএসসি-তে যোগাযোগ করবেন। বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ পদ সৃষ্টির প্রয়োজনীয় কাগজপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী আগামী সমন্বয় সভার পূর্বে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সাম্প্রতিককালে সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদসহ সকল শূন্যপদে দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে। তিন পার্বত্য জেলা পরিষদ অনতিবিলম্বে শূন্য পদের হালনাগাদ তালিকা আগামী সমন্বয় সভার পূর্বে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	যুগ্ম সচিব (প্রশাসন), যুগ্ম সচিব (পরিষদ) /উপসচিব (উন্নয়ন)/ /অধীনস্থ সংস্থার মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
৮।	<u>জলবায়ু সেলঃ</u> সভায় তিন পার্বত্য জেলার প্রতিষ্ঠানগুলোতে জলবায়ু সেলের ফান্ড এর অধীনে প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা হয়। রাঙ্গমাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় প্রকল্প তৈরি করে এর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণে করার বিষয়ে সভাপতি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।	তিন পার্বত্য জেলা পরিষদে সরেজমিনে তদারকির মাধ্যমে জলবায়ু সেলের অধীনে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রকল্প প্রতিবেদন আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (সমন্বয়)/ প্রধান নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা পরিষদ।
৯।	<u>মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠেয় সমন্বয় সভা সংক্রান্তঃ</u> মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১০ জুলাই ২০১৬ তারিখের অনুষ্ঠিত সচিবদের সমন্বয় সভার কার্যবিবরণী সভাপতি সভায় পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাগুলোর মধ্যে এ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত যথাক্রমে **সম্পদের সুষ্ঠু ব্যবহার ও আত্মনির্ভরশীল জাতি গঠন, মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শ প্রতিষ্ঠা, এনজিওসমূহের কর্মকান্ডে তদারকি বৃদ্ধিকরণ, প্রকল্প ব্যবস্থাপনায় দক্ষতা আনয়ন, এসডিজি অর্জনে সকলকে সম্পৃক্তকরণ, সকল সরকারি ক্রয়ে ই-টেন্ডারিং এর আওতায় আনয়ন, উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে দক্ষতা ও পরিবীক্ষণ বৃদ্ধিকরণ, বিদেশী বিনিয়োগ আকৃষ্টকরণ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কর্মসংস্থান তৈরি ইত্যাদি** বিষয়গুলোর উপর গুরুত্বারোপ করেন এবং এগুলো যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।	কার্যবিবরণীটি সকল সংস্থায় প্রেরণপূর্বক তার আলোকে মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সংস্থাসমূহ নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবে।	যুগ্ম সচিব (উন্নয়ন) ও ভাইস চেয়ারম্যান, মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তা, আওতাধীন সংস্থাসমূহ